



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল হ্যামিল্টন কাউন্টির লং লেকের স্টেট রুট 28N ব্রিজের মুখ্য নির্মাণকাজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা করলেন

বিধ্বংসী বৃষ্টি ও বন্যায় পূর্বের কাঠামো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার চার মাসের কম সময়ে নতুন স্প্যানের উপরে ট্র্যাফিক প্রবাহ শুরু

অ্যাডিরন্ড্যাক অঞ্চলের মুখ্য যাত্রা ধমনী সংলগ্ন স্থানে নতুন ব্রিজটি নিরাপত্তা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হ্যামিল্টন কাউন্টির লং লেক টাউনের ফিশিং ক্রকের উপরে স্টেট রুট 28N বহনকারী নতুন একটি ব্রিজে স্টেটের পরিবহন বিভাগের মুখ্য নির্মাণকাজ শেষ হয়েছে; যা বিধ্বংসী বৃষ্টি ও বন্যায় আদি কাঠামোতে হওয়া বিপর্যয়কারী ক্ষতির পর চার মাসের কম সময়ে অ্যাডিরন্ড্যাক অঞ্চলের একটি মুখ্য রাস্তায় যাত্রা সম্পূর্ণরূপে পুনঃস্থাপন করা হলো। জুলাই মাসে স্টেটকে ক্ষতিগ্রস্ত করা চরম আবহাওয়ায় উল্লেখজনক ক্ষতির শিক্ষার হওয়া নিউ ইয়র্কের বহু রাস্তার মধ্যে স্টেট রুট 28N একটি।

"জুলাই মাসে স্টেটের অংশবিশেষকে চরমভাবে ক্ষতিগ্রস্ত করা ঐতিহাসিক ঝড়বৃষ্টির কারণে আমাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ কিছু রাস্তা ও ব্রিজে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়, কিন্তু আমরা বার বার দেখেছি যে নিউ ইয়র্কবাসীদের থেকে ভালোভাবে বিপদের মোকাবেলা আর কেউ করতে পারে না," **গভর্নর হোকল বলেন।** "লং লেকের নতুন এই ব্রিজের কাজ শেষ হওয়া আমাদের পূর্বের থেকে ভালোভাবে গঠনের (Build-it-Back-Better) মন্ত্রের জন্য উদাহরণস্বরূপ এবং এই কাজ এত দ্রুত করার জন্য এবং নর্থ কান্ট্রি পর্যন্ত গুরুত্বপূর্ণ এই যাত্রা রুটকে রক্ষা করার জন্য নিরলসভাবে কাজ করে যাওয়া সকল স্টেট কর্মী ও ঠিকাদারের আমি প্রশংসা করছি।"

10 জুলাই থেকে 11 জুলাই পর্যন্ত, নর্থ কান্ট্রির কিছু অংশে অল্প সময়ের মধ্যে বেশ কয়েক ইঞ্চি বৃষ্টিপাত হয়, যার ফলে বিধ্বংসী বন্যা সৃষ্টি হয়, রাস্তা বন্ধ করে দিতে হয় এবং অবকাঠামোর ক্ষতি হয়। যদিও কাউন্টি এবং স্থানীয় মিউনিসিপ্যাল কর্মী ও ঠিকাদারদের সাথে কাজ করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) ঝড়ের পর 24 ঘণ্টার মধ্যে অধিকাংশ রাস্তা পুনরায় খুলে দিতে সক্ষম হয়, কিন্তু ফিশিং ক্রকের ব্রিজটি ক্ষতিগ্রস্ত হয়ে মেরামতের অযোগ্য হয়ে পড়ে। তিন সপ্তাহের মধ্যে একটি অস্থায়ী ব্রিজ নির্মাণ

করা হয়, যা 80 মাইল ঘুরপথে যাওয়ার প্রয়োজন শেষ করে এবং একটি স্থায়ী প্রতিস্থাপনের নকশা ও নির্মাণ কাজ ত্বরান্বিত করতে NYSDOT কাজে নিযুক্ত হয়।

NYSDOT নতুন ব্রিজটির নকশা ও নির্মাণ কাজ ত্বরান্বিত করে, এটি পূর্বের স্প্যান থেকে 30 ফুট বেশি দীর্ঘ এবং আরো ভালো পানির প্রবাহ এবং বন্যার বিরুদ্ধে আরো উন্নত স্থিতিস্থাপকতার জন্য আরো প্রশস্ত একটি প্রবেশ স্থান তৈরি করে। এছাড়াও অপেক্ষাকৃত প্রশস্ত শোল্ডারসমূহ অঞ্চলের বহু পর্যটন ও বিনোদনমূলক গন্তব্যের জন্য সেবাদানকারী এই মুখ্য যাত্রা করিডোরে মোটরচালক, পথচারী এবং সাইকেলচালকদের নিরাপত্তা বৃদ্ধি করবে।

নির্মাণকাজ সরল করার জন্য, NYSDOT নিজেদের ইনভেন্টরিতেই থাকা স্টিল বিম ব্যবহার করে। বিমগুলিকে কংক্রিট অ্যাটাচমেন্টের মধ্যে বসানো ও লক করা ছিলো যার ফলে জয়েন্টের এবং লবণের ফলে হওয়া খয়ের জন্য স্থিতিস্থাপকতা উন্নত করার কোনো প্রয়োজন হয়নি। এছাড়াও নতুন ব্রিজটি পাইল দ্বারা সমর্থিত, যা চরম আবহাওয়ার জন্য এর স্থিতিস্থাপকতা আরো বৃদ্ধি করে। যদিও মুখ্য নির্মাণকাজ সম্পূর্ণ হয়ে গেছে, তবে আগামী কয়েক সপ্তাহ ধরে সাইটে অস্থায়ী ব্রিজটি ভেঙ্গে ফেলার মতো ফিনিশিং কাজ করা হবে এবং এর জন্য নির্দিষ্ট সময়কালের জন্য লেন বন্ধ করা হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঞ্জো বলেন,
"NYSDOT প্রকৌশলী, হাইওয়ে রক্ষণাবেক্ষণ কর্মী এবং ঠিকাদারগণ যেই দুর্দান্ত কাজ করেছে তা নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহের প্রতি এই এজেন্সির নিবেদন প্রদর্শন করে। লং লেকে বিধ্বংসী ক্ষতি হয়েছিলো এবং আমাদের এমন একটি সমাধান প্রয়োজন ছিলো যা একটি নির্মাণ মৌসুমে সম্ভবপর হয়। আমরা রেকর্ড সময়ে রাস্তা ও কালভার্টের মেরামত এবং ফিশিং ব্রুক ব্রিজের প্রতিস্থাপন কাজ সামাল দিয়েছি, নিশ্চিত করেছি যাতে প্রথম তুষারপাতের পূর্বে রাস্তা যাতায়াতযোগ্য হয়।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)